

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১২/২০১৬

অভিযোগকারী : জনাব জিকর্ল হক
পিতা-মনির উদ্দিন
কয়া মিস্ট্রিপাড়া বসুনিয়া
সড়ক (পুলপাড়া)
ডাক ও উপজেলা-সৈয়দপুর
জেলা-নীলফামারী।

প্রতিপক্ষ : জনাব এ.কে.এম আকমল সরকার
বাজার পরিদর্শক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সৈয়দপুর পৌরসভা, সৈয়দপুর, নীলফামারী।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৬-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী তথ্য কমিশনে তার দায়েরকৃত ২২৫/২০১৫ নং অভিযোগের বিষয়ে জনাব আশীর কুমার সরকার, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সৈয়দপুর পৌরসভা, সৈয়দপুর, নীলফামারী এর বিরুদ্ধে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী তার দায়েরকৃত অভিযোগে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক ২২৫/২০১৫ নং অভিযোগের শুনানীতে প্রদত্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) [জনাব এ.কে.এম. আকমল সরকার, বাজার পরিদর্শক] তাকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। সম্পূর্ণ তথ্য পেতে তিনি পুনরায় ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। ২২৫/২০১৫ নং অভিযোগে নিম্ন লিখিত তথ্য চেয়ে আবেদন করেন-

১. সৈয়দপুর পৌরসভায় কতজন স্থায়ী কর্মচারী রয়েছে, তারা কোন পদে নিয়োগপ্রাপ্ত হয়েছে, বর্তমানে পৌরসভার কোন দায়িত্বে আছেন, তাদের নাম বেতন ক্ষেত্র, যোগদানের তারিখসহ লিখিতভাবে তথ্য পেতে অনুরোধ করছি।

২. সৈয়দপুর পৌরসভার কথজন মাস্টার রোল কর্মচারী রয়েছে। এসব কর্মচারী কোন পদে কাজ করছে, নাম, পিতার নাম, তাদের যোগদানের তারিখ, ২০১৪-২০১৫ অর্থ বছরসহ বেতন ভাতা প্রদানের সিটের ফটোকপি বর্তমান পর্যন্ত লিখিতভাবে তথ্য পেতে চাইছি।

৩. ভূমি রেজিস্ট্রেশন বাবদ মাসে ও বছরে কত টাকা পৌরসভার খাতে কোন ব্যাংকে, কত নম্বর হিসাবে জমা হয় এবং তা কোন খাতে ব্যবহৃত হয়। এছাড়া ও ভূমি রেজিস্ট্রেশন বাবদ ২০১৪-০১৫ অর্থ বছরে কত টাকা আয় হয়েছে তা লিখিত ভাবে পেতে চাইছি।

৪. প্রতিদিন শহরের কতটি পয়েন্টে টেল আদায় হয়, আদায়কারীর নাম, পিতার নাম, মোবাইল নম্বর এবং দিন, মাস ও বছরে কত টাকা টেল আদায় হয়, আদায়কৃত টোলের টাকা কোন ব্যাংকে, কত নম্বর হিসাবে জমা হয় তা পৃথক পৃথক ভাবে তথ্য পেতে অনুরোধ করছি।

৫. পৌর এলাকায় কতটি বৈদ্যুতিক পোলে সড়কবাতি আছে, কত ওয়াটের বাতি জলে, প্রতি মাসে কত ইউনিট বিদ্যুৎ ব্যবহার হয়, সড়ক বাতিগুলো কোন কোম্পানির এবং ২০১৪-২০১৫ অর্থ বছরে কোন সরবরাহকারী প্রতিষ্ঠান বাতি সরব রাহ করেছে, সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশের ফটোকপি, বাতি লাগানোর কতদিন পর নষ্ট হলে তা স্থলাভিযন্ত করা হয় কিনা, প্রতিমাসে কত টাকা বিদ্যুৎ বিল ব্যয় হয় তা পৃথক পৃথকভাবে লিখিত আকারে পেতে চাইছি।

৬. পৌর কার্যালয়ে কার অফিসে কতটি এসি আছে এবং অফিসের জন্য মাসে কত টাকা বিদ্যুৎ বিল শোধ করা হয়, তা পৃথকভাবে পেতে চাইছি।

৭. আপ্যায়ন বাবদ কত টাকা প্রতিদিন ব্যয় হয় তার তথ্য লিখিতভাবে পেতে অনুরোধ করছি।

২। তথ্য কমিশনের ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৬-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৬-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৩। অভিযোগকারী উপস্থিত না থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি । প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অন্ত কিছুদিন হলো তিনি সৈয়দপুর পৌরসভায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন যার স্মারক নং - সৈপোস/প্রবি/সাধা/২০১৬/৭৫/১(৫) তাৎ-১৪/০২/২০১৫ । এমতাবস্থায় ২২৫/২০১৫ নং অভিযোগে চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করার জন্য তিনি কমিশনের নিকট সময় প্রার্থনা করেন এবং তথ্য কমিশনের নির্দেশক্রমে অভিযোগকারীকে সকল তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাত্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয় ।

সিদ্ধান্ত ।

বিস্তারিত পর্যালোচনাত্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণসং তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব এ,কে,এম আকমল সরকার, বাজার পরিদর্শক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সৈয়দপুর পৌরসভা, সৈয়দপুর, নীলফামারী কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্যও নির্দেশনা দেয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো ।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো ।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক ।

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)
তথ্য কমিশনার

(নেপাল চন্দ সরকার)
তথ্য কমিশনার

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার